



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

পত্র নং- গাগা/প্রকা/প্রচার/ ২০২১-৯৪১ (১০)

তারিখঃ ২৯/০৮/২০২১

কিশোর ও তরুণদের মাঝে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচী পালন

নন কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতি যৌথভাবে দেশব্যাপী ১৫ হতে ৩৫ বছর বয়সীদের মধ্যে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় বিষয়ক একটি বৈজ্ঞানিক সমীক্ষা শুরু করেছে। এই কর্মসূচীর আওতায় বাংলাদেশ ডায়াবেটিক সমিতি ও নন কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তরের আয়োজনে ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় ২৯ আগস্ট, ২০২১ নিউ বেইলী রোড গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের গাইড অডিটোরিয়ামে ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয় কর্মসূচী অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা অনুসরণ করে সমীক্ষাটিতে অংশগ্রহণকারীদের বিনামূল্যে ব্লাড সুগার, রক্তচাপ, রক্তের চর্বি, কিডনি, হার্ট, চোখ ও পায়ের জটিলতা পরীক্ষা করা হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়, রাজধানী ও ঢাকা অঞ্চলের গাইড, রেঞ্জার, গাইডার ও অফিস স্টাফ সহ ১৫৫ জনকে পরীক্ষা করা হয়।

বাংলাদেশ ডায়াবেটিক সমিতি ও নন কমিউনিকেশন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম (এনসিডিসি), স্বাস্থ্য অধিদপ্তরের আয়োজনে ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় দেশের ৮টি বিভাগের ১টি জেলা শহর ও গ্রামে সমীক্ষাটি পরিচালিত হবে।



স্বাক্ষরিত/-

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা